

১. ত্যাগের অভিনয় করতে গিয়ে ছাত্ররা কোনটিকে বিশ্রীভাবে মুখ ভেঙুচিয়েছে?
২. কারা আজ মুখে চাদর জড়িয়ে বিশ্ববিদ্যালয়ে প্রবেশ করল?
৩. মঙ্গলের নামে দেশের মহা শত্রুতা সাধিত হয় কখন?
৪. নজরুলের মতে বিশ্ববিদ্যালয় ত্যাগী যুবকগণ কীসের মতো আচরণ করেছিল?
৫. লেখকের মতে সাপ নিয়ে খেলা করতে গেলে দস্তুরমত কী হওয়া চাই?
৬. ত্যাগী মানুষেরা কীসের অভাবে ত্যাগের উৎসাহ হারিয়ে ফেলেছেন?
৭. লোকপ্রবাদ অনুযায়ী কত চক্রে ভগবান ভূত?
৮. ভাবের আবেগে অতিমাত্রায় বিহ্বল হলে মানুষের কোনটি ঘটে?
৯. নজরুলের মতে ভাবকে নিজের কী হিসেবে তৈরি করে নিতে হবে?
১০. ভাবের দাস হলে আমাদের কোনটি অবশ্যস্বাভাবী ?
১১. কর্মে কী আনার জন্য ভাব-সাধনা প্রয়োজন?
১২. যারা অগ্র-পশ্চাৎ বিবেচনা ছাড়াই কাজ করে 'ভাব ও কাজ' রচনায় তাদের কীসের সাথে তুলনা করা হয়েছে?
১৩. কাজী নজরুল ইসলাম ভাবের ঘরে কী করতে নিষেধ করেছেন?
১৪. কাজী নজরুল কোনটিকে মহাপাপ বলে অভিহিত করেছেন?
১৫. 'ভাব ও কাজ' রচনা অনুযায়ী জীবনকে গড়ে তোলার জন্য কী করতে হবে?
১৬. 'পুয়াল' শব্দের অর্থ কী?
১৭. 'উদ্মো ষাঁড়' বলতে কী বোঝানো হয়েছে?
১৮. 'ভাব ও কাজ' প্রবন্ধে প্রাবন্ধিক কীসে তৎপর হওয়ার ওপর জোর দিয়েছেন?
১৯. 'ভাব ও কাজ' প্রবন্ধের লেখক কে?
২০. কোন শ্রেণিতে থাকাকালীন কাজী নজরুল ইসলাম বাঙালি পল্টনে যোগ দেন?